

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

গত ১৭.১২.২০১৯ তারিখে অনুষ্ঠিত গণশুনানীর কার্যবিবরণী:

সভাপতি : হরেন্দ্রনাথ বসু, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার।

তারিখ ও সময় : ১৭.১২.২০১৯ সকাল ১১.০০ টা।

স্থান : শিশু-কিশোর পাঠকক্ষ, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার।

সভায় উপস্থিত কর্মকর্তা ও সেবা গ্রহীতাদের স্বাগত জানিয়ে সভাপতি গণশুনানী শুরু করেন। সেবাগ্রহীতাদের পক্ষ থেকে জনাব এস. এম. ইব্রাহীম হোসেন, বাংলামটর, ফোন-০১৭৮৭১৮২১৩৫, মোঃ মাসুম বিল্লাহ, নিউমার্কেট, ফোন-০১৯৫২৪১০৫৬৬, হৃদয় ঘোষ, বাংলামটর, ০১৯৭৯৪৩৭৬৭৮, রাজন সাহা, নিউ ইন্সটান, ফোন- ০১৫৩৭২৮৯৯৯৬ ও মোতাহারা সানজিদা গণশুনানীতে অংশগ্রহণ করেন। নিম্নে গণশুনানীর আলোচনা ও সিদ্ধান্ত উল্লেখ করা হল।

আলোচনা-১ : সেবাগ্রহীতা জনাব এস. এম. ইব্রাহীম হোসেন জানান তাঁরা লাইব্রেরিতে বিভিন্ন বই পড়ে উপকৃত হচ্ছেন। কিন্তু লাইব্রেরির ওয়াশরুমে সাবান দেয়া হয় না।

সিদ্ধান্ত : ওয়াশরুমে প্রয়োজনমতো সাবান সরবরাহ করতে হবে।

আলোচনা-২ : হৃদয় ঘোষ ও রাজন সাহা জানান লাইব্রেরিতে পাঠকের তুলনায় আসন সংখ্যা কম, সিট বাড়ানো হলে ভালো হয়।

সিদ্ধান্ত : নতুন ভবন হওয়া সাপেক্ষে সিট বাড়ানো যেতে পারে।

আলোচনা-৩ : মোঃ মাসুম বিল্লাহ ও মোতাহারা সানজিদা জানান কর্মকর্তা, কর্মচারীরা অত্যন্ত আন্তরিক। ইনফরমেশন ডেস্ক থেকে অনেক সময় উচ্চস্বরে কথা হয়, মহিলাদের নামাজের স্থানের বিস্তৃতি প্রয়োজন, নতুন চেয়ার সংযোজন করা প্রয়োজন,


সিদ্ধান্ত : ডেস্কে বসে কথা বলা থেকে কর্মচারীদেরকে বিরত থাকতে হবে। নতুন পাঠক, যাঁরা ডেস্কে এসে উচ্চস্বরে কথা বলেন তাঁদেরকে আশু কথা বলার বিষয়ে জানাতে হবে।

আলোচনা-৪ : অভিযোগ বক্স খোলা ও অভিযোগ প্রতিকারের ব্যবস্থা নেয়া।

গণগ্রন্থাগার অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত সেবার মান উন্নীতকরণ উপকমিটির ০১.১০.২০১৯ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী পাঠকক্ষে রক্ষিত অভিযোগ বক্স খোলা হয়। অভিযোগ বক্সে ০২ (দুই)টি অভিযোগপত্র পাওয়া যায়। একটিতে অভিযোগকারীর নাম ঠিকানা নেই। তিনি গ্রন্থাগারে মূল আরবী পুস্তক বিশেষত কোরআনের তাফসীর, আরবী হাদীস গ্রন্থ, ফিকহ ও হেদায়ার মূল আরবী পুস্তক রাখার দাবী জানান।

দ্বিতীয় অভিযোগপত্রে জনাব আবুল কালাম আজাদ, ফোন ০১৯২২২৪৭০৫১, শনিবার শিশু-কিশোর পাঠকক্ষ খোলা রাখার আহ্বান জানান।

সিদ্ধান্ত : আরবী বই সংগ্রহের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। শনিবার শিশু-কিশোর পাঠকক্ষ খোলা রাখা আপাতত সম্ভব হবে না।


(হরেন্দ্রনাথ বসু)

আহ্বায়ক, গণশুনানী সংক্রান্ত সভা
ও প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)
সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।

তারিখ : ১৭/১২/২০১৯

নং ৪৩.২৬.০০০০.০০২.৪১.৫৮৯.১৯.২ ৫৪ ৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

১. পরিচালক (প্রশাসন), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
৩. সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৪. লাইব্রেরিয়ান (পাঠকসেবা-সকাল/বিকাল), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
৫. লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক (পরিসংখ্যান), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৬. সহকারী লাইব্রেরিয়ান (পাঠকসেবা, ২য় শিফট), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(এ এইচ এম কামরুজ্জামান)

লাইব্রেরিয়ান
ফোন - ৫৮৬১৭০১৭